গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ফেনী সরকারি কলেজ,ফেনী

তারিখ : ২১/০৯/২০২৬ খ্রি.

# ২০২৫ সালের অনার্স ৩য় বর্ষ পরীক্ষার নিয়মিত,অনিয়মিত ও গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের ফরম পূরণ সংক্রান্ত সংশোধিত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৫ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষা (নিয়মিত, অনিয়মিত ও গ্রেড উন্নয়ন) আবেদন ফরম পূরণ (২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে কার্যকর সিলেবাস ও রেগুলেশন অনুযায়ী) সংক্রান্ত যাবতীয় কার্যক্রম Online এর মাধ্যমে সম্পন্ন করা হবে। পরীক্ষার আবেদন ফরম পূরণ ও জমাদানের তারিখ, আনুষাঙ্গিক নিয়ম এবং শর্তাবলী নিম্নরূপ :

বিষয়ভিত্তিক আবেদন ফরম পূরণ ও জমাদানের তারিখ দেয়া হল :

| ক্রমিক নং | বিষয় | জমাদানের তারিখ | জমাদানের স্থান |
|---|---|---|---|
| ০১ | বাংলা,ইংরেজী,ইসলামের ইতিহাস ও সংস্কৃতি,ইতিহাস,দর্শন রাষ্ট্রবিজ্ঞান ,সমাজকর্ম, অর্থনীতি হিসাব বিজ্ঞান,ব্যবস্থাপনা, পদার্থ, রসায়ন, প্রাণীবিদ্যা,উদ্ভিদবিদ্যা,গণিত | ২৪/০৯/২০২৬ বৃহস্পতিবার | স্ব স্ব বিভাগ সকাল ১০: ০০ থেকে বিকাল ৪ : টা পর্যন্ত |

১। অনলাইনে আবেদন ফরম পূরণ:
আবেদনকারীকে নিজে অথবা কলেজ কর্তৃপক্ষ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (http://ems.nu.ac.bd/student-login) এ গিয়ে রেজিস্ট্রেশন নম্বর দিয়ে আবেদন ফরম যথাযথভাবে পূরণ এবং ডাউনলোড করে প্রিন্ট কপি সংশ্লিষ্ট কলেজে নির্ধারিত সময়ের মধ্যে ফিসহ স্ব স্ব বিভাগে জমা দিতে হবে।

২। পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী :
ক) নিয়মিত: ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে প্রণীত সিলেবাস ও সংশোধিত রেগুলেশন অনুযায়ী শুধুমাত্র ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থীরা যারা ২০২৪ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় প্রমোটেড বা উত্তীর্ণ হয়ে তৃতীয় বর্ষে প্রমোশন পেয়েছে এবং তৃতীয় বর্ষের শিক্ষাক্রম সম্পন্ন করেছে তাদের ডাটা ওয়েবসাইটে দেয়া আছে কেবল মাত্র সে সকল শিক্ষার্থীরা ২০২৫ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে।
খ) অনিয়মিত: ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে প্রণীত সিলেবাস ও সংশোধিত রেগুলেশন অনুযায়ী যে সকল শিক্ষার্থী (শিক্ষাবর্ষ ২০১৩-২০১৪, ২০২০-২০২১ ও ২০২১-২০২২) ইতোপূর্বে অনার্স ২য় বর্ষ পরীক্ষায় প্রমোটেড বা উত্তীর্ণ হয়ে অনার্স তৃতীয় বর্ষে প্রমোশন পেয়েছে কিন্তু ২০২২, ২০২৩ ও ২০২৪ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে নাই বা অংশগ্রহণ করে প্রমোটেড বা উত্তীর্ণ হয়নি, সে সকল শিক্ষার্থী ২০২৫ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশ গ্রহণ করবে।
গ) গ্রেড উন্নয়ন: জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে কার্যকর সিলেবাস এবং রেগুলেশন অনুযায়ী যে সকল শিক্ষার্থী (২০১৯-২০, ২০২০-২০২১ ও ২০২১-২০২২ শিক্ষাবর্ষের) অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ৪র্থ বর্ষে উত্তীর্ণ/প্রমোটেড হয়েছে কিন্তু এক বা একাধিক পত্রে F গ্রেড রয়েছে বা কোন একটি পত্রে অনুপস্থিত রয়েছে তাদেরকে সে সকল পত্রের পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অবশ্যই অংশগ্রহণ করতে হবে। এ ছাড়াও ২০২৪ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় প্রথম বারের মত অংশগ্রহণ করে একজন শিক্ষার্থী C+, C এবং D গ্রেড প্রাপ্ত হলে সে কোন ০২ (দুই) পত্রে ২০২৫ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে এবং ফলাফল যাই হোক না কেন A- গ্রেড এর বেশি প্রাপ্য হবে না। কোন শিক্ষার্থী যদি গ্রেড উন্নীত করতে ব্যর্থ হয় বা পরীক্ষায় অংশগ্রহণ না করে তাহলে ঐ পত্রে তার পূর্বের গ্রেড বহাল থাকবে।
ঘ) ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের এক বা একাধিক পত্রে (F) গ্রেড প্রাপ্ত (অকৃতকার্য) শিক্ষার্থীরা জরিমানা ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ও অন্যান্য ফি প্রদান করে শুধুমাত্র ২০২৫ সালের অনার্স ৩য় বর্ষ পরীক্ষার ফরমপূরণের সুযোগ পাবে। এক্ষেত্রে রেজিস্ট্রেশন নবায়নের কোন প্রয়োজন হবে না এবং কোন শিক্ষার্থী ফরম পূরণ করতে ব্যর্থ হলে, পরীক্ষায় অংশগ্রহণ করতে না পারলে বা পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হলে কোন অবস্থাতেই পরবর্তীতে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ চেয়ে আবেদন করতে পারবে না।

বিষয় ভিত্তিক পরীক্ষার ফি (নিয়মিত ও অনিয়মিত)
সেশন ফি ও পরীক্ষার ফি নিম্নরূপ

| ক্রমিক নং | বিষয় | পরীক্ষার ফি নিয়মিত | সেশন ফি | মোট | পরীক্ষার ফি অনিয়মিত | সেশন ফি | মোট |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন, রাষ্ট্রবিজ্ঞান ,সমাজকর্ম,অর্থনীতি, হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা | ৩৩৫০ | ২৭৪০ | ৬০৯০ | ৩৯৫০ | ২৭৪০ | ৬৬৯০ |
| ০২ | উদ্ভিদ, পদার্থবিজ্ঞান, প্রাণিবিজ্ঞান, গণিত | ৩৫২৫ | ২৭২০ | ৬২৪৫ | ৪১২৫ | ২৭২০ | ৬৮৪৫ |
| ০৩ | রসায়ন | ৪০০০ | ২৭২০ | ৬৭২০ | ৪৬০০ | ২৭২০ | ৭৩২০ |

অকৃতকার্য ও মানউন্নন গ্রেড উন্নয়ন পরীক্ষার ফি:

| | ১ বিষয় | ২ বিষয় | ৩ বিষয় | ৪ বিষয় | ৫ বিষয় | ৬ বিষয় |
|---|---|---|---|---|---|---|
| গ্রেড উন্নয়ন | ১৪০০/- | ১৭০০/- | ২০০০/- | ২৩০০/- | ২৬০০/- | ২৯০০/- |

বিশেষ দ্রষ্টব্য : ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের ফরমে উল্লেখিত টাকার সাথে ৫০০ টাকা যোগ হবে এবং **Conditional Promoted (c-Promoted)** পরীক্ষার্থীদের জন্য নির্ধারিত ফি এর পর অতিরিক্ত বিশেষ অন্তর্ভুক্তি ফি বাবদ ১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা জমা দিতে হবে এবং ফরমের সাথে ২য় বর্ষের ফলাফল এর কপি অবশ্যই জমা দিতে হবে।

ফরমপূরণের টাকা জমাদান পদ্ধতি : নিয়মিত,অনিয়মিত, অকৃতকার্য ও মানউন্নয়ন শিক্ষার্থীদের ফরম পূরণ ফি জমাদানের ওয়েব সাইট https://billpay.sonalibank.com.bd/CollegeFee/Payment/FormFillUp?eiin=106642 লগ ইন করে রেজিস্ট্রেশন নম্বর ব্যবহার করে সোনালী ব্যাংক লিমিটেড এর নিজস্ব পেমেন্ট গেটওয়ে " সোনালী পেমেন্ট গেটওয়ে (SPG)''এর মাধ্যমে অনলাইন ফান্ড ট্রান্সফার (সোনালী ব্যাংক লিমিটেড এর একাউন্ট টু একাউন্ট), সোনালী ই-ওয়ালেট, সোনালী ব্যাংক লিমিটেড এর ডেবিট/ক্রেডিট/প্রি-পেইড কার্ড, যে কোন ব্যাংকের ভিসা/মাস্টারকার্ড/এমেক্স কার্ড,নেক্সাস কার্ড, মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসেস-বিকাশ/নগদ/রকেট/উপায়/ট্যাপ (Tap)/OK Wallet যে কোন ১ টি ব্যবহার করে পেমেন্ট করতে হবে। পেমেন্ট অপশনে যদি (০) থাকে তাহলে বিজ্ঞপ্তিতে উল্লেখিত টাকার পরিমাণ লিখে টাকা পেমেন্ট করতে হবে।

**পরীক্ষার্থীদের জন্য করণীয় : Online এ পূরণকৃত ফরমপূরণ এর ফরম, রেজিস্ট্রেশন কার্ড ও টাকা জমাদানের প্রিন্ট কপি সংযুক্ত করে নির্দেশনা মোতাবেক নির্ধারিত সময়ে স্ব স্ব বিভাগে জমা দিতে হবে**

২১/০৯/২৬

অধ্যক্ষ
ফেনী সরকারি কলেজ,ফেনী
প্রফেসর মোহাম্মদ এনামুল হক খোন্দকার
অধ্যক্ষ (৯৬৭৭)
ফেনী সরকারি কলেজ, ফেনী।